

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিষ্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: [www.explosives.gov.bd](http://www.explosives.gov.bd)

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল কালাম আজাদ  
তারিখ : ২৩ মার্চ, ২০২১  
সময় : বিকাল ২.৩০ ঘটিকা  
স্থান : প্রধান বিষ্ফোরকের কার্যালয়, বিষ্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিষ্ফোরক পরিদপ্তর জনাব মনিরা ইয়াসমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি সভাকে অবহিত করে বলেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ দপ্তরে ইতোমধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সেবা গ্রহীতাদের যেকোন অভিযোগ/মতামত গ্রহণের জন্য অনলাইন প্ল্যাটফর্ম ছাড়াও অফলাইনে অভিযোগ/মতামত প্রদানের ব্যবস্থা রয়েছে। সভাপতি সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং অভিযোগ নিষ্পত্তিকরণের বিষয়ে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে সচেতন থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি সভাকে অবহিত করেন, যে কোন অভিযোগকারী যেন দ্রুততম সময়ের মধ্যে কাঙ্ক্ষিত প্রতিকার পায় সে বিষয়টি বিবেচনায় রেখে যে কোন অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত পদ্মা অক্সিজেন লিমিটেডের এমডি, জনাব মোঃ আব্দুল হাকিম বলেন, সেবা দাতা এবং সেবা গ্রহীতাদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা অত্যাবশ্যিক। কিছুটা অসন্তোষ প্রকাশ করে তিনি বলেন, অত্র দপ্তরের পিয়ন/অফিস সহায়কদের মধ্যে অসহযোগিতাপূর্ণ আচরণ লক্ষ্য করা যায় যা খুবই দুঃখজনক। তিনি এ দপ্তর কর্তৃক প্রাপ্ত সেবা সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করে বলেন, বিষ্ফোরক পরিদপ্তরের জনবল কম হওয়ায় কিছু ক্ষেত্রে সেবা পেতে বিলম্ব হয়। তিনি আরও বলেন, সিলিন্ডার মজুদ, ভর্তিকরণ এবং পরিবহনের জন্য আলাদা আলাদা লাইসেন্সের প্রয়োজন হয়। সেক্ষেত্রে আবেদনকারির সময় বেশি লাগে এবং লাইসেন্স পেতেও বিলম্ব হয়। তিনি প্রস্তাব করেন অক্সিজেন ফ্যাক্টরির মধ্যে মঞ্জুরিরকৃত সব ধরনের লাইসেন্স একটি লাইসেন্সের আওতাভুক্ত করা যায় কিনা এবং লাইসেন্স মঞ্জুরির ক্ষেত্রে সময় কমানো যায় কিনা।

সভাপতি বলেন, পদ্মা অক্সিজেন লিমিটেড এমডি, ভালো প্রস্তাব দিয়েছেন। এক্ষেত্রে সেবা গ্রহীতাদের সময় কম অপচয় হবে এবং অফিস থেকেও দ্রুত কাজ নিষ্পত্তি করা যাবে। তবে বিধিমালা লঙ্ঘন করে একই লাইসেন্স মঞ্জুর করার সুযোগ নেই। তবে আলোচনা পয়ালোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। সভাপতি আরও বলেন, আমরা তিন দিনের মধ্যে সকল ধরনের অনাপত্তিপত্র প্রদানের সর্বাত্মক চেষ্টা করছি। অসম্পূর্ণ আবেদন এবং ত্রুটিজনিত আবেদনের ক্ষেত্রে বার বার চিঠি প্রেরণ করতে হয়। এতে অনেক সময় অপচয় হয়। প্রথমবারেই যাতে আবেদন নিষ্পন্ন করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


(ক) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগ দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তাকে সচেতন থাকতে হবে;

(গ) অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

(ঘ) অংশীজনদের বা সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ৪র্থ কোয়ার্টারে ০১ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)